প্রথম আলো

তারিখ 25 JAN 2014

# নেতাদের হাত সোনার নৌকায় শিশুরা না খেয়ে রাস্তায়

প্রথম আলো ডেস্ক ●

শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অমান্য করে মন্ত্রী-সাংসদদের সংবর্ধনা অনুষ্ঠানে শিক্ষার্থীদের ব্যবহার চলছেই। ছোট ছোট ছেলেমেয়েকে রাস্তায় কষ্ট দিয়ে মন্ত্রী-সাংসদেরা নিজ এলাকায় সংবর্ধনা নিচ্ছেন, গ্রহণ করছেন সোনার নৌকা উপহার।

গতকাল শুক্রবার রাজশাহীর বাঘায় পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমকে সংবর্ধনা দেওয়া হয়। তাঁকে স্বাগত জানাতে গিয়ে কয়েক শ শিক্ষার্থী দুপুরে না খেয়ে রাস্তায় ছিল। এর আগে গত বৃহস্পতিবার মুন্সিগঞ্জের গজারিয়া ও ফরিদপুর শহরেও সহস্রাধিক স্কুলশিক্ষার্থীকে রাস্তায় দাঁড় করিয়ে রাখা হয়। ত্রাণ ও দুর্যোগব্যবস্থাপনা মন্ত্রী মোফাজ্জল হোসেন চৌধুরী এবং প্রবাসীকল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী খন্দকার মোশাররফ হোসেনকে সংবর্ধনা দিতে গিয়ে তাদের রাস্তায় নামান আয়োজকেরা।

দিনাজপুরের পার্বতীপুর উপজেলার ২০৫টি প্রাথমিক বিদ্যালয় আজ শনিবার ছুটি ঘোষণা করা হয়েছে। কারণ, দিনাজপুর-৫ আসনের সাংসদ প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমানকে সংবর্ধনা দেবে ওই সব বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা।

**দুপুরে না খেয়ে রাস্তায়:** নবনিযুক্ত পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমকে গতকাল রাজশাহীর বাঘা উচ্চবিদ্যালয়ের মাঠে সংবর্ধনা দেওয়া হয়। প্রতিমন্ত্রীকে স্বাগত জানাতে



রাজশাহীর বাঘা উচ্চবিদ্যালয় মাঠে গতকাল সংবর্ধনা অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমের (মাঝে) হাতে সোনার নৌকা তুলে দেন বাঘা পৌরসভার মেয়র আক্কাস আলী ● ছবি : প্রথম আলো

এরপর পৃষ্ঠা ২ কলাম ২

## নেতাদের হাত সোনার নৌকায়, শিশুরা না খেয়ে রাস্তায়

প্রথম পৃষ্ঠার পর

রাজশাহীর চারঘাট ও বাঘা উপজেলার বিভিন্ন সড়কে অর্ধশতাধিক তোরণ নির্মাণ করা হয়। বাঘা উচ্চবিদ্যালয়ের প্রধান ফটক থেকে অনুষ্ঠানস্থল পর্যন্ত দুই সারিতে দাঁড় করানো হয় বিভিন্ন বিদ্যালয়ের কয়েক শ শিক্ষার্থীকে।

শিক্ষার্থীরা জানায়, দুপুরের আগেই তাদের নিজ নিজ বিদ্যালয়ে আসতে বলা হয়। রহমতুল্লাহ বালিকা উচ্চবিদ্যালয়ের অষ্টম শ্রেণীর শিক্ষার্থী শারমিন সুলতানা ও আঞ্জুমান সিদ্দিকা বলে, তারা দুপুর ১২টায় বিদ্যালয়ে আসে। কিছু খায়নি। বাঘা ইসলামী একাডেমি উচ্চবিদ্যালয়ের অষ্টম শ্রেণীর ছাত্র শাকিল আহাম্মেদ বলে, সে বিদ্যালয়ে এসেছে বেলা ১১টায়। তারও দুপুরে কিছু খাওয়া হয়নি।

জানতে চাইলে রহমতুল্লাহ বালিকা উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক নিশিপদ সরকার *প্রথম আলোকে* বলেন, শিক্ষার্থীদের বাড়ি থেকে একটু সকাল করে দুপুরের খাবার খেয়ে আসতে বলা হয়েছিল। সে জন্য তাদের বিদ্যালয়ের পক্ষ থেকে খাবারের আয়োজন করা হয়নি।

নেতা-কর্মীদের নিয়ে দুপুরে উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক আজিজুল আলমের বাসায় খান প্রতিমন্ত্রী। সেখান থেকে বিকেল চারটা ৩৮ মিনিটে অনুষ্ঠানমঞ্চে আসেন তিনি। শুরুতেই তাঁকে সোনার নৌকা ও সোনার কোটপিন উপহার দেওয়া হয়। এ সময় প্রতিমন্ত্রী আয়োজকদের প্রতি ভবিষ্যতে তাঁকে সোনার নৌকা উপহার না দেওয়ার অনুরোধ জানান। তিনি এই উপহারের সমপরিমাণ অর্থ স্থানীয় একটি প্রতিবন্ধী সংস্থায় দান করার ঘোষণা দেন। প্রতিমন্ত্রী রাজশাহী-৬ (চারঘাট-বাঘা) আসনের আওয়ামী লীগের সাংসদ।

রাত আটটা পর্যন্ত অনুষ্ঠান চললেও সন্ধ্যা সাড়ে পাঁচটার দিকে উপস্থাপক উপজেলা যুবলীগের সভাপতি বাবুল ইসলাম ঘোষণা দেন, যেসব বিদ্যালয়ের বাচ্চারা দুপুরে না খেয়ে অনুষ্ঠানে এসেছে, তারা চলে যেতে পারে। এ ঘোষণার পর ছেলেমেয়েরা বাড়িতে ফিরে যায়।

**দুটি সোনার নৌকা পেলেন তিনি:** ময়মনসিংহ-২ (ফুলপুর-তারাকান্দা) আসনে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত আওয়ামী লীগের সাংসদ শরীফ আহমেদকে সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল তারাকান্দা উপজেলার সিঅ্যান্ডবি মাঠে এ সংবর্ধনা অনুষ্ঠানে কয়েক হাজার লোক উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে সাংসদকে দুটি সোনার নৌকা উপহার দেওয়া হয়। একটি দেন তারাকান্দা উপজেলা আওয়ামী লীগ ও অঙ্গসংগঠন এবং উপজেলার ১০ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানরা। অপরটি দেয় বাংলাদেশ ফার্টিলাইজার অ্যাসোসিয়েশন তারাকান্দা-ফুলপুর উপজেলা শাখা। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তারাকান্দা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাবিবুর রহমান আকন্দ।

এর আগে সাংসদ ময়মনসিংহ থেকে গোপালপুরে পৌঁছালে দলীয় নেতা-কর্মীরা তাঁকে মোটর শোভাযাত্রা করে সংবর্ধনাস্থলে নিয়ে আসেন।

**নাটোরেও সোনার নৌকা:** সংবর্ধনা পেয়েছেন নাটোর-১ (লালপুর-বাগাতিপাড়া) আসনের বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত সাংসদ আবুল কালাম আজাদও। দিয়েছে বাগাতিপাড়া উপজেলার গফুরাবাদ উচ্চবিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল বিকেলে গফুরাবাদ উচ্চবিদ্যালয়ের মাঠে এ সংবর্ধনা অনুষ্ঠানে ওই বিদ্যালয়ের ব্যবস্থাপনা পর্ষদের সভাপতি আবদুস সাত্তার সাংসদের হাতে সোনার নৌকা তুলে দেন।

**সংবর্ধনা, তাই বিদ্যালয়ে ছুটি:** দিনাজপুরের পার্বতীপুরের ২০৫টি প্রাথমিক বিদ্যালয় ছুটি ঘোষণা করে দিনাজপুর-৫ (পার্বতীপুর-ফুলবাড়ী) আসনের সাংসদ প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমানকে আজ সংবর্ধনা দিচ্ছেন ওই সব বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকারা। আর এতে সহযোগিতা করছেন উপজেলা ও দিনাজপুর জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা।

সংশ্লিষ্ট শিক্ষকেরা জানান, আজ বেলা তিনটায় জ্ঞানাঙ্কুর পাইলট উচ্চবিদ্যালয়ে এ সংবর্ধনার আয়োজন করা হয়েছে। এ জন্য উপজেলার সব প্রাথমিক বিদ্যালয় এক দিনের ছুটি ঘোষণা করেছে কর্তৃপক্ষ।

পার্বতীপুর উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা হাসান আতিকুর রহমান বলেন, স্কুল ছুটি দিলে শিক্ষার্থীদের পড়াশোনার ক্ষতি হয়। তার পরও এলাকার মন্ত্রী হিসেবে শিক্ষকদের আবেদনের পরিপ্রেক্ষিতে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা (ডিপিইও) ছুটি মঞ্জুর করায় সব শিক্ষক সংবর্ধনা সভায় অংশ নিতে পারবেন।

[প্রতিবেদন তৈরিতে সহায়তা করেছেন আমাদের রাজশাহীর নিজস্ব প্রতিবেদক, নাটোর, ফুলপুর (ময়মনসিংহ) ও পার্বতীপুর (দিনাজপুর) প্রতিনিধি]



নাটোর-১ আসনের সাংসদ আবুল কালাম আজাদকে (ডানে) বাগাতিপাড়ার গফুরাবাদ উচ্চবিদ্যালয় মাঠে সংবর্ধনা অনুষ্ঠানে গতকাল সোনার নৌকা উপহার দেন ওই বিদ্যালয়ের সভাপতি আবদুস সাত্তার ● প্রথম আলো



পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলমকে স্বাগত জানাতে গতকাল রাজশাহীর বাঘা উচ্চবিদ্যালয় মাঠে বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের দাঁড় করিয়ে রাখা হয় ● প্রথম আলো